

# থামুন এবং বিবেচনা করুন

ফেডারেল নির্বাচনের সময় ভোটদান প্রক্রিয়া সম্পর্কে অনেক কিছু বলা এবং লেখা হয়। এর মধ্যে কিছু মিথ্যা বা বিভ্রান্তিকর হতে পারে।

থামুন এবং ভোটদান প্রক্রিয়া সম্পর্কে আপনি যা দেখছেন, শুনছেন বা পড়ছেন তার বিষয়বস্তু এবং উৎস কোথায়, তা বিবেচনা করুন।

কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি লেখা, চিত্র, ভিডিও এবং অডিও আপনাকে কোথায় ভোট দিতে হবে, কীভাবে ব্যালট পেপারগুলি সম্পূর্ণ করতে হবে, অথবা প্রক্রিয়াটি কেন বিশ্বাসযোগ্য নাও হতে পারে, সে সম্পর্কে আপনাকে প্রতারণার চেষ্টা করতে এবং প্রতারণার উদ্দেশ্যে ব্যবহার করা হতে পারে। **যে কেউই এর দ্বারা আক্রান্ত হতে পারে।**

যথাযথ সন্দেহ পোষণ করুন। এটিকে পরীক্ষা করে দেখুন বা উপেক্ষা করুন, তবে শেয়ার করবেন না বা পুনরায় পোস্ট করবেন না। আপনি যেখানে এটি দেখেছেন সেখানেও এটি রিপোর্ট করতে পারেন। বন্ধুবান্ধব এবং পরিবারকেও একই কাজ করতে সহায়তা করুন।

অস্ট্রেলিয়ায় বিশ্বের অন্যতম বিশ্বস্ত নির্বাচনী ব্যবস্থা রয়েছে। এটা ভোটারদের, এবং এটা রক্ষা করা আমাদের সকলেরই দায়িত্ব।

**আমাদের যা আছে, তা ঝুঁকিতে ফেলবেন না।**

## বিষয়বস্তু যাচাই করে দেখুন

### খুঁজে দেখুনঃ

- এমন কোনো শব্দ আছে কি না যা বিস্ময়, ক্রোধ কিংবা উত্তেজনার মতো জোরালো অনুভূতি তৈরি করে
- সবগুলোর পরিবর্তে অল্পসংখ্যক পছন্দ উপস্থাপন করা হচ্ছে কি না
- কোনও নির্দিষ্ট গোষ্ঠী বা ব্যক্তিকে দোষারোপ করা হচ্ছে কি না, যারা একমাত্র দায়ী ব্যক্তি/গোষ্ঠী নয়
- বিতর্কের দিকটির উপর আলোকপাত করার পরিবর্তে কোনও ব্যক্তিকে আক্রমণ করা হচ্ছে কি না।

## তথ্যের উৎসটি যাচাই করুন

### নিজেকে প্রশ্ন করুনঃ

- তথ্যটি কোথা থেকে এসেছে? এটি কি কোনো বিশ্বাসযোগ্য উৎস থেকে এসেছে?
- এটি কি অস্ট্রেলিয়া থেকে প্রকাশিত, না কি বিদেশ থেকে?
- এটি কি কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি? কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে মিথ্যে কথা, চিত্র, ভিডিও এবং অডিও তৈরি করা সহজ।
- কেন এটি প্রকাশিত হয়েছিল? এমন কোনও কারণ কি আছে, যে কেউ আপনাকে এমন কিছু বোঝানোর চেষ্টা করছে, যা সত্যি নয়?

## আমাদের ওয়েবসাইট পরীক্ষা করে দেখুন

### আসল তথ্য জেনে নিনঃ

- ভোট কখন দিতে হবে
- ভোট কীভাবে গণনা করা হয়
- কীভাবে ফলাফল নির্ধারিত হয়
- কীভাবে AEC ভোটগুলোকে নিরাপদ রাখে।

